



উত্তরা ইউনিভার্সিটিতে আন্তর্জাতিক রোবো টেক অলিম্পিয়াড অনুষ্ঠিত

কালবেলা প্রতিবেদক

প্রকাশ : ২২ জুন ২০২৫, ১২:০০ এএম

Source: <https://www.kalbela.com/>

দেশ-বিদেশের প্রযুক্তিপ্রেমী তরুণদের অংশগ্রহণে উত্তরা ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো ‘পঞ্চম আন্তর্জাতিক রোবো টেক অলিম্পিয়াড ২০২৫’। বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এবং রোবো টেক ভ্যালির যৌথ উদ্যোগে আয়োজিত এ দুদিনব্যাপী আয়োজনে প্রযুক্তিগত উদ্ভাবন, সৃজনশীলতা এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার তুলে ধরা হয়েছে।

এ প্রতিযোগিতায় দেশের ৭০টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আসা ১৫০টি দল অংশ নেয়। প্রতিযোগিতায় মোট ১২টি ক্যাটাগরি রাখা হয়। বিজয়ীদের ৬ লাখ টাকা পুরস্কার দেওয়া হয়। এ ছাড়া অলিম্পিয়াডে অংশ নেওয়া শিক্ষার্থীদের মধ্যে সেরা ৪০ জনকে পুরস্কৃত করা হয়। এবারের আয়োজনে নতুন সংযোজন হিসেবে ছিল ইন্টার ইউনিভার্সিটি প্রোগ্রামিং কনটেস্ট, ক্রিয়েটিভ ক্যাটাগরি, রোবট ইন মুভি, হ্যাকাথন ও রোবোটিক্স কুইজ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. ইয়াসমীন আরা লেখা বলেন, ‘তরুণদের প্রযুক্তি ও উদ্ভাবনের সঙ্গে যুক্ত করা এবং তাদের প্রতিভাকে বিশ্ব-দরবারে তুলে ধরাই আমাদের মূল উদ্দেশ্য। আমরা গর্বিত যে, বাংলাদেশ আজ প্রযুক্তিতে নতুন উচ্চতায় পৌঁছাচ্ছে।’

শিক্ষার্থীদের মননশীলতা ও প্রযুক্তিগত বিষয়ে উৎসাহ প্রদান করে ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী বলেন, ‘পঞ্চম আন্তর্জাতিক রোবো টেক অলিম্পিয়াড ২০২৫ তরুণদের মধ্যে প্রযুক্তিনির্ভর দক্ষতা, সৃজনশীল চিন্তাধারা এবং বাস্তবভিত্তিক সমস্যা সমাধানে বিশেষ ভূমিকা পালন করবে।’

অলিম্পিয়াড বাস্তবায়নে সহযোগিতা করেন ইউনিভার্সিটির স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিন অধ্যাপক ড. মির্জা গোলাম রব্বানী ও সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মো. ওয়াহিদুর রহমান। ইন্টার ইউনিভার্সিটি প্রোগ্রামিং কনটেস্ট সফল করতে বিশেষভাবে অবদান রাখেন এনভায়রনমেন্ট অ্যান্ড ইন্সট্রিয়াল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক মো. সুলতানুল ইসলাম, স্কুল অব আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সের ডিন (ভারপ্রাপ্ত) ও সহযোগী অধ্যাপক ড. শাহ আহমেদ, সহযোগী ডিন ড. মো. শাখাওয়াত জামান সরকার, সিএসই বিভাগের চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ আমানুল ইসলাম ও আইটি ডিরেক্টর মো. এহসানুল হক।

অলিম্পিয়াডে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূর্বাণী গ্রুপের চেয়ারম্যান, ঢাকা ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের চেয়ারম্যান আব্দুল হাই সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কম্পিউটার বিজ্ঞানী, শিক্ষক ও লেখক মোহাম্মদ কায়কোবাদ এবং পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. শহিদুল ইসলাম। আইইইইই কম্পিউটার সোসাইটি বাংলাদেশ চ্যাপ্টারের পক্ষে উপস্থিত ছিলেন ড. মো. ওবায়দুর রহমান ও ড. কে এম আজহারুল হাসান। অনুষ্ঠান আয়োজনে রোবো টেকভ্যালির পক্ষে উপস্থিত ছিলেন ম্যানেজিং ডিরেক্টর এ এস এম আহসানুল সরকার আকিব ও সিনিয়র কনসালট্যান্ট ড. মো. আহসান হাবিব।